



চট্টগ্রাম ব্যুরো ও চট্টগ্রাম কলেজের নবীনবরণ উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ও বিশেষ অতিথির বক্তব্য রাখেন ছাত্রশিবির কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম বুলবুল ও ছাত্রশিবির চট্টগ্রাম মহানগরী সভাপতি আলমগীর মুহাম্মদ ইউছুফ -ইনকিলাব

## বৃটিশ বেনিয়াদের তৈরী শিক্ষা ব্যবস্থা এখনও আমাদের ঘাড়ের চেপে আছে

শিবির সভাপতি

চট্টগ্রাম ব্যুরো ও বৃটিশ বেনিয়াদের তৈরী করা শিক্ষা ব্যবস্থা এখনও আমাদের ঘাড়ের চেপে আছে। দু'বার স্বাধীনতা অর্জন করেও এ অবস্থার উত্তরণ ঘটেনি। কয়েকবার চেষ্টা যে হয়নি তা নয়। বরং সেকুলার শিক্ষানীতি প্রণয়নে কয়েকবার ব্যর্থ চেষ্টা করা হয়েছে। প্রকৃতপক্ষে নাস্তিকতাবাদ থেকে ভাল মানুষ হওয়া যায় না। প্রয়োজন নৈতিক শিক্ষা। ফলে প্রচলিত শিক্ষা আমাদের মূল্যবোধকে জাগাতে পারছে না। শতকরা নব্বই জন মুসলমানের এ দেশে এখনও মসজিদে জুতা চোর থেকে সাবধান নামক সাইনবোর্ড লেখা ঝুলাতে হয়। গত ৯ অক্টোবর বাংলাদেশ ইসলামী ছাত্রশিবির চট্টগ্রাম কলেজ শাখা কর্তৃক আয়োজিত দু'দিনব্যাপী নবীনবরণ উৎসবের প্রথম দিনে প্রধান অতিথির বক্তৃতায় ইসলামী ছাত্র শিবিরের কেন্দ্রীয় সভাপতি নূরুল ইসলাম বুলবুল কথাগুলো বলেন। কলেজ শিবির সভাপতি আহমেদ জাহেদুল আনোয়ারের সভাপতিত্বে

বিশেষ অতিথির বক্তব্য রাখেন নগর শিবির সভাপতি ও সাবেক কলেজ সভাপতি আলমগীর মুহাম্মদ ইউছুফ। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন উত্তর জেলা শিবির সভাপতি ও সাবেক চট্টগ্রাম কলেজ শিবির সভাপতি মোর্শেদুল ইসলাম চৌধুরী, সাবেক কলেজ সভাপতি ফরিদউদ্দীন নিজামী, মহসিন কলেজ শিবির সভাপতি ফজলুর বারী। উপস্থিত ছিলেন নগর শিবিরের সাংগঠনিক সম্পাদক ও বায়তুল মাল সম্পাদক বজলুর রহমান ও ফয়সাল মুহাম্মদ ইউছুফ। প্রধান অতিথি তার বক্তৃতায় আরও বলেন, নৈতিক মূল্যবোধসম্পন্ন শিক্ষা আমাদের দেশে চালু না থাকার কারণেই শ্রেষ্ঠ বিদ্যাপীঠ ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাধনদের বক্তৃতা হারাতে হয় এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মত বিদ্যাপীঠে ধর্মণের সেকুলারী পালিত হয়। সুতরাং এ অবস্থার উত্তরণ করতে হলে ইসলাম আর নৈতিকতার বিকল্প নেই।